২৭/৮/২০০৭

দৈনিক ইনকিলাব

তারিখ ..........
পৃষ্ঠা ৬ কলাম ৩

## চ্যান্সেলরের কাছে ছাত্রছাত্রীদের স্মারকলিপি প্রেরণ

# খুলনা বিশ্ববিদ্যালয়ে সৎ দক্ষ ও নিরপেক্ষ ভিসি নিয়োগ করতে হবে

খুলনা ব্যুরো ঃ খুলনা বিশ্ববিদ্যালয়ের ১৫টি ডিসিপ্লিনের ২ শতাধিক ছাত্রছাত্রী বর্তমান ভিসির অনিয়ম, দুর্নীতি, অদূরদর্শিতা, খামখেয়ালিপনা, বিশ্ববিদ্যালয়কে রাজনীতির চর্চা কেন্দ্র, দলীয়করণ প্রশাসন, অযোগ্যতার বিভিন্ন দিক তুলে ধরে খুলনা বিশ্ববিদ্যালয়ের সুনাম ও সুখ্যাতি বজায় রাখার জন্য একজন সৎ, দক্ষ ও নিরপেক্ষ ভিসি নিয়োগদান করার জন্য চ্যান্সেলর প্রেসিডেন্টের কাছে দাবী জানিয়ে স্মারকলিপি প্রেরণ করেছে।

বর্তমান ভিসি প্রফেসর ডঃ এসএম নজরুল ইসলামের চুক্তির মেয়াদ আগামী ২২ আগস্ট শেষ হচ্ছে। ছাত্রছাত্রীরা প্রফেসর নজরুল ইসলামের বিরুদ্ধে ১৩টি অভিযোগ এনে বলেছেন, তার সময়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ভেঙে পড়েছে। সেসনজট তৈরী হয়েছে, অবকাঠামোগত উন্নয়ন হয়নি। উন্নয়নমূলক কাজকর্ম বন্ধ করে লুটপাট করা হয়েছে। ছাত্রছাত্রীদের নিরাপত্তা প্রদানে ব্যর্থ, প্রয়োজনীয় বই, কেমিক্যালি, যন্ত্রপাতি সরবরাহ হয়নি। এত সব অভিযোগ রয়েছে বিধায় তার চুক্তি আর বৃদ্ধি না করে তার স্থলে একজন দক্ষ, অভিজ্ঞ ও নিরপেক্ষ ভিসি নিয়োগের দাবী জানিয়েছে ছাত্রছাত্রীরা।

ছাত্রছাত্রীরা বলেছে, বর্তমানে খুলনা বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়েছে। শিক্ষা কার্যক্রম মূলত বন্ধ। ভিসি তদবিরে ব্যস্ত। এমন অবস্থা চলতে পারে না। শিক্ষা ক্ষেত্রে বর্তমান ভিসি খুলনা বিশ্ববিদ্যালয়ে সুনাম ও সুখ্যাতি নষ্ট করছেন।

অনিয়মের বিভিন্ন ঘটনা নিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের নিহত ট্রেজারার সরদার আব্দুর রাজ্জাকের সাথে শেষদিকে দূরত্ব সৃষ্টি হয় এবং দু'জন দুই মেরুতে অবস্থান করতে থাকেন। যা ছিল ওপেন সিক্রেট।